গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০/২০১৯-২০২০
ঢাকা, ১১ জুলাই বৃহস্পতিবার ২০১৯, ২৭ আষাঢ় ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোহিঙ্গাদের দ্রুত ফেরত পাঠানোর উদ্যোগ নিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী
২। মিয়ানমারের উচিত রোহিঙ্গাদের ফেরত নেওয়া
প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে বিশ্বব্যাংকের প্রধান নির্বাহী
৩। বাংলাদেশের সাফল্যের প্রশংসায় বিশ্বব্যাংক সিইও
৪। কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে বান কি মুন
৫। বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী অবস্থানে রয়েছে : সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী
৬। দেশে ক্যান্সার রোগীর সংখ্যা বাড়ছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী
৭। দুর্নীতি রোধে সরকারি সেবা ডিজিটাল করা হচ্ছে : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা
৮। বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে সহযোগিতায় আগ্রহী নেদারল্যান্ডস
৯। বাংলাদেশে উদীয়মান শিল্পে বিনিয়োগ অব্যাহত রাখবে দক্ষিণ কোরিয়া : শিল্পমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে রাষ্ট্রদূত
১০। মুক্তিযুদ্ধভিত্তিক প্রকল্প যথাসময়ে বাস্তবায়ন করতে হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
১১। রাজনীতি হচ্ছে জনগণের কল্যাণের জন্য, জনগণকে কষ্ট দেওয়ার জন্য নয় : তথ্যমন্ত্রী
১২। ধর্ষণের আসামিদের জামিনের বিষয়ে বিচারকদের কঠোর হওয়ার অনুরোধ আইনমন্ত্রীর
১৩। হজযাত্রা সহজ করতে বিমানের হজ অ্যাপস চালু
১৪। সংরক্ষিত আসনের সংসদ সদস্য রুশেমা বেগম এর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

চলমান পাতা-২

১। **রোহিঙ্গাদের দ্রুত ফেরত পাঠানোর উদ্যোগ নিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের দ্রুত মিয়ানমারে ফিরিয়ে নেওয়ার পথ তৈরি করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, মানবিক কারণে কক্সবাজার জেলায় **১১** লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়া হয়েছে। কক্সবাজারের যেসব এলাকায় রোহিঙ্গারা অবস্থান করছে, সেগুলো অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং তাদের উপস্থিতি এসব এলাকাকে আরও অনিরাপদ ও ঝুঁকিপূর্ণ করে তুলেছে। তাদের কারণে কক্সবাজারের প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে। গতকাল (১০ জুলাই বুধবার) ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'ঢাকা মিটিং অভ্ দ্য গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন (জিসিএ)'-এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মার্শাল আইল্যান্ডসের প্রেসিডেন্ট হিলদা সি হেইন, গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশনের চেয়ারম্যান ও জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন এবং বিশ্বব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ক্রিস্টালিনা জর্জিয়েভাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলায় সামনের সারিতে থেকে বিশ্বকে নেতৃত্ব দেওয়ায় তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

২। **মিয়ানমারের উচিত রোহিঙ্গাদের ফেরত নেওয়া**
প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে বিশ্বব্যাংকের প্রধান নির্বাহী

বিশ্বব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রিস্টালিনা জর্জিয়েভা বলেছেন, মিয়ানমারের উচিত রোহিঙ্গাদের তাদের দেশে ফেরত নিয়ে যাওয়া। গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন সংক্রান্ত দুই দিনব্যাপী ঢাকা সম্মেলনের ফাঁকে ক্রিস্টালিনা গতকাল (১০ জুলাই বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে এ কথা বলেন। ক্রিস্টালিনা জর্জিয়েভা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারকে সারা বিশ্বের জন্য স্বাধীনতা ও সংগ্রামের প্রতীক হিসেবে অভিহিত করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশে সব ধরনের উন্নয়ন বিশেষত নারীর ক্ষমতায়ন ও শিক্ষায় অগ্রগতির জন্য তিনি প্রধানমন্ত্রীর প্রশংসা করেন। তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বাংলাদেশের প্রতি সহায়তা অব্যাহত রাখারও আশ্বাস দেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.৪**), অবজারভার (**পৃ.১,ক.৫**), ইন্ডিপেনডেন্ট (শেষ** পৃ,ক.২)।

৩। **বাংলাদেশের সাফল্যের প্রশংসায় বিশ্বব্যাংক সিইও**

স্বাধীনতার পর বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করে বিশ্বব্যাংকের সিইও ক্রিস্টালিনা জর্জিয়েভা বলেছেন, উন্নয়নই যে ঘুরে দাঁড়ানোর সক্ষমতা অর্জনের সবচেয়ে সেরা উপায় সেটি বাংলাদেশ করে দেখিয়েছে। গতকাল (১০ জুলাই বুধবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে ‘ঢাকা মিটিং অভ্ দ্য গ্লোবাল কমিশন অন এডাপটেশন’ অভিযোজন সংক্রান্ত আন্তর্জাতিক কমিশনের ঢাকা বৈঠক-এর উদ্বোধন অনুষ্ঠানে দেয়া বক্তব্যে তিনি একথা বলেন। উদ্বোধন অনুষ্ঠানের পর ক্রিস্টালিনা জর্জিয়েভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। মিয়ানমার থেকে বাস্তুচ্যুত লাখ লাখ রোহিঙ্গা নাগরিককে আশ্রয় দিয়ে বাংলাদেশ বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেছে বলে প্রশংসা করেন তিনি। এজন্য তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৪। **কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে বান কি মুন**

জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন বলেছেন, রোহিঙ্গা সমস্যাটি অবশেষে বাংলাদেশের জন্য অসহনীয় সংকট হতে পারে। রোহিঙ্গারা বাংলাদেশের মতো একটি ছোট দেশের জন্য বড় বোঝা হিসেবে রূপ নিয়েছে। দীর্ঘদিন ধরে বিপুলসংখ্যক রোহিঙ্গাদের আশ্রয় দেয়া সম্ভব নয়। গতকাল (১০ জুলাই বুধবার) তিনি মার্শাল দ্বীপপুঞ্জের প্রেসিডেন্ট হিলডা হেইনিও এবং বিশ্ব ব্যাংকের সিইও ক্রিস্টালিনা জর্জিয়েভাকে সঙ্গে নিয়ে কুতুপালং ১৭ নং ক্যাম্প পরিদর্শনকালে এসব কথা বলেন। এ সময় তিনি আন্তর্জাতিক অভিবাসন সংস্থার কার্যক্রম পরিদর্শন করেন এবং রোহিঙ্গাদের সঙ্গে কথা বলে তাদের খোঁজ খবর নেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

৫। **বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী অবস্থানে রয়েছে : সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদকে জানিয়েছেন, সার্বিকভাবে বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী অবস্থানে রয়েছে। বিনিয়োগ ক্রমাগত বাড়ছে। রপ্তানি ও প্রবাসী আয়ে উচ্চ প্রবৃদ্ধির পরিপ্রেক্ষিতে বৈদেশিক লেনদেনের ভারসাম্য বজায় রয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে। বাজেট ঘাটতির পরিমাণ জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ। এমন পরিবেশে উচ্চ প্রবৃদ্ধি অর্জন সামনের দিনগুলোতে আরও বেগবান হবে। সোনার বাংলায় দারিদ্র্য হবে সুদূর অতীতের কোনো ঘটনা। গতকাল (১০ জুলাই বুধবার) সংসদে টেবিলে উপস্থাপিত এক প্রশ্নের জবাবে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৬। **দেশে ক্যান্সার রোগীর সংখ্যা বাড়ছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

দেশে ভেজাল ও ফরমালিনযুক্ত খাবার গ্রহণ, ধূমপানসহ নানা কারণে প্রতিবছর ক্যান্সার রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে বলে সংসদকে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেছেন, ক্যান্সার রোগী বৃদ্ধি পেলেও সে তুলনায় চিকিৎসা ও ক্যান্সার হাসপাতাল কম হওয়ায় ক্যান্সার রোগী এবং অভিভাবকরা প্রতিনিয়ত দুর্ভোগের শিকার হচ্ছেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১০ জুলাই বুধবার) সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের লিখিত জবাবে স্বাস্থ্যমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **বণিক বার্তা** (পৃ.১,ক.৫)।

৭। **দুর্নীতি রোধে সরকারি সেবা ডিজিটাল করা হচ্ছে : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, দুর্নীতি রোধে সরকার সকল সেবা ডিজিটাল করার জন্য কাজ করে যাচ্ছে। ১ হাজার ৫০০ সরকারি সেবার ৩০০টি ইতোমধ্যে ডিজিটালাইজড করা হয়েছে। বাকি সকল সেবাকে ডিজিটাল করার প্রক্রিয়া চলছে। সরকারের সকল সেবা ডিজিটাল হতে থাকায় ক্রমান্বয়ে দুর্নীতিও কমে আসছে। গতকাল (১০ জুলাই বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সংসদ সচিবালয় আয়োজিত 'ডিজিটাল বাংলাদেশ : সমৃদ্ধির অগ্রযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' শীর্ষক কর্মশালায় প্রধান আলোচকের বক্তৃতায় তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, সরকারের সকল সেবা ডিজিটাল করা হলে দুর্নীতির কোনো সুযোগ থাকবে না। সূত্র : **ইত্তেফাক (শেষ** পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

৮। **বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে সহযোগিতায় আগ্রহী নেদারল্যান্ডস**

বাংলাদেশে সফররত নেদারল্যান্ডসের রানি ম্যাক্সিমা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সাথে অনুষ্ঠিত এক বৈঠকে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে সহযোগিতার আগ্রহ প্রকাশ করেছেন। গতকাল (১০ জুলাই বুধবার) সোনারগাঁ হোটেলে এক বৈঠকে তারা দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বিশেষকরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের সর্বশেষ উন্নয়ন ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রতিমন্ত্রী জানান, বাংলাদেশ গত ১০ বছরে তথ্য ও যোগাযোগ খাতসহ সামাজিক সূচকের সকল খাতে অভাবনীয় উন্নতি সাধন করেছে। রানি ম্যাক্সিমা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিগত ১০ বছরে বাংলাদেশের বিভিন্ন খাতের উন্নয়নে ভূয়সী প্রশংসা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৪,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৯। **বাংলাদেশে উদীয়মান শিল্পে বিনিয়োগ অব্যাহত রাখবে দক্ষিণ কোরিয়া : শিল্পমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে রাষ্ট্রদূত**

বাংলাদেশের উদীয়মান শিল্পখাতে বিনিয়োগ অব্যাহত রাখবে দক্ষিণ কোরিয়া। গতকাল (১০ জুলাই বুধবার) শিল্পমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে এ প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত হু ক্যাং-ইল। শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেন, এদেশের উন্নয়নে দক্ষিণ কোরিয়ার অংশীদারিত্ব উল্লেখ করার মতো। এটি অব্যাহত রেখে গুণগত শিল্পায়নের ধারা জোরদারের মাধ্যমে উভয় দেশই লাভবান হতে পারে। সূত্র-**বণিকবার্তা** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

১০। **মুক্তিযুদ্ধভিত্তিক প্রকল্প যথাসময়ে বাস্তবায়ন করতে হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযোদ্ধাদের কল্যাণে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় গৃহীত সকল উন্নয়ন প্রকল্প সর্বোচ্চ গুরুত্ব দিয়ে যথাসময়ে সম্পন্ন করতে তাগিদ দিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক। তিনি বলেন, আসন্ন মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে এটি করতে হবে। গতকাল (১০ জুলাই বুধবার) রাজধানীর পরিবহণ পুল ভবনস্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির মাসিক সমন্বয় সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.৪)।

১১। **রাজনীতি হচ্ছে জনগণের কল্যাণের জন্য, জনগণকে কষ্ট দেওয়ার জন্য নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, রাজনীতি হচ্ছে জনগণের কল্যাণের জন্য। জনগণকে কষ্ট দেওয়ার জন্য নয়। গতকাল (১০ জুলাই বুধবার) জাতীয় প্রেসক্লাবে বার্তাসংস্থা ইউএনবি'র সম্পাদক মাহফুজুর রহমানের লেখা 'সাংবাদিকতা রাত-বিরাতে' গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার গণতন্ত্রে বিশ্বাসী উল্লেখ করে তথ্যমন্ত্রী আরও বলেন, সংসদীয় কমিটি পুনর্গঠন করা হয়েছে। সেখানে বিরোধী দলের সদস্যদের স্থান দেওয়া হয়েছে। তারা সংসদে বেশি সময় কথা বলার সুযোগ পাচ্ছেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে (শেষ** পৃ,ক.৭)।

১২। **ধর্ষণের আসামিদের জামিনের বিষয়ে বিচারকদের কঠোর হওয়ার অনুরোধ আইনমন্ত্রীর**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সামাজিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে নারী ও শিশু নির্যাতন এবং ধর্ষণের ঘটনায় জড়িতরা যেন উচ্চ আদালত থেকে জামিন না পায় সে বিষয়ে সবাইকে মনোযোগী হতে হবে। তিনি বলেন, জামিন দেওয়া হচ্ছে বিচারক ও বিচারপতিদের ডিসক্রেশন। এ ডিসক্রেশনটা ব্যবহার করতে হবে লিগ্যালি। গতকাল (১০ জুলাই বুধবার) নিবন্ধন অধিদপ্তর প্রাঙ্গণে জেলা ও দায়রা জজ এবং সমমর্যাদার বিচারকদের নতুন গাড়ির চাবি হস্তান্তর অনুষ্ঠানে আইনমন্ত্রী এ অনুরোধ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

১৩। **হজযাত্রা সহজ করতে বিমানের হজ অ্যাপস চালু**

হজযাত্রা সহজ ও গতিশীল করতে বিমান হজ ফ্লাইট নামে একটি অ্যাপস চালু করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। হজযাত্রীদের জন্য এটি বিমানের অফিসিয়াল অ্যাপস। গতকাল (১০ জুলাই বুধবার) বিমানের উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) এর পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ অ্যাপসের মাধ্যমে হজযাত্রীরা ফ্লাইট সম্পর্কিত সকল তথ্য, ডিলে নোটিফিকেশন, হজ ফ্লাইট স্ট্যাটাস, হজ ফ্লাইট শিডিউল এবং হজ ইনস্ট্রাকশন জানতে পারবেন। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৮)।

১৪। **সংরক্ষিত আসনের সংসদ সদস্য রুশেমা বেগম এর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসন এর সদস্য ও পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য রুশেমা বেগম গত ৯ জুলাই মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে হৃদরোগে আক্রান্ত হয়ে ফরিদপুর হার্ট ফাউন্ডেশনে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কক্সবাজার জেলায় অবস্থিত রোহিঙ্গা ক্যাম্পে পাহাড়ধসের আশংকার খবর প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে পাহাড়ধস রোধে কর্তৃপক্ষ দীর্ঘমেয়াদি ও টেকসই পদক্ষেপ গ্রহণ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** রংপুর-ঢাকা মহাসড়কের মিঠাপুকুরের ২০ কিলোমিটার অংশ সংস্কারের সপ্তাহখানেকের মধ্যেই ১০ কিলোমিটার জুড়ে প্রায় দুই শতাধিক স্থান দেবে গিয়ে গর্ত-খানাখন্দের সৃষ্টি হয়েছে উল্লেখ করে সড়ক-মহাসড়ক সংস্কারের ক্ষেত্রে অনিয়ম-দুর্নীতি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **জনকণ্ঠ :** আধুনিক ও যুগোপযোগী করা হচ্ছে ব্রিটিশ আমলে প্রণীত ভূমি সংক্রান্ত আইন ও বিধি উল্লেখ করে নতুন ভূমি আইন নিশ্চিত করা গেলে একদিকে যেমন জমির অপরিকল্পিত ব্যবহার রোধ হবে, অন্যদিকে সুনিশ্চিত হবে উন্নয়নের গতি বলে মন্তব্য।

ঘ. **সংবাদ :** এক শ্রেণীর অসাধু প্রকাশক একাদশ শ্রেণির বই নকল করে বাজারজাত করছে বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ অভিযোগ আমলে নিয়ে অসাধু প্রকাশকদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার পাশাপাশি এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** রাজধানীর কয়েকটি গুরুত্বপূর্ণ সড়কে রিকশা চলাচল বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে সড়ক অবরোধ করে রিকশা শ্রমিক ও মালিকদের আন্দোলনে জনভোগান্তি তুলে ধরে দ্রুত সংকট নিরসনে সংশ্লিষ্টরা যথাযথ উদ্যোগ নিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **নিউ এজ :** রাজধানীতে ডেঙ্গুজ্বরে আক্রান্তের হার বাড়ায় উদ্বেগ প্রকাশ করে ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার পরামর্শ।

ছ. **অবজারভার :** চট্টগ্রামে জলাবদ্ধতা নিরসনে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার ওপর গুরুত্ব দেয়া হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'সুকুমার বৃত্তি চর্চা জরুরি'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিক্ষাকে সৎ আর ন্যায়ের পথে কাজে লাগানোর পাশাপাশি সুন্দরকে প্রতিষ্ঠিত করার জন্য ব্রতী হওয়াই সুকুমার বৃত্তি চর্চার অন্যতম দিক।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা